সেমিফাইনালের আগেই বিদায় বাংলাদেশের

অস্ট্রেলিয়ায় টপ অ্যান্ড টি-টোয়েন্টি সিরিজে প্রথম পাঁচ ম্যাচে মধ্যে দুটিতে জয় পেয়েছিল বাংলাদেশ ‘এ’ দল। আজকের ম্যাচে জয়ের পাশাপাশি রান রেটে এগিয়ে থাকলে সেমিফাইনালে খেলার সুযোগ ছিল।

কিন্তু গুরুত্বপূর্ণ ম্যাচে অ্যাডিলেড স্ট্রাইকার্স একাডেমির কাছে ৭ উইকেটে হেরে গ্রুপপর্ব থেকেই বিদায় নিল বাংলাদেশ।

শনিবার ডারউইনে টস জিতে আগে ব্যাট করতে নেমে নির্ধারিত ২০ ওভারে ৪ উইকেট হারিয়ে ১৭৫ রান সংগ্রহ করে বাংলাদেশ ‘এ’। দলের হয়ে হয়ে ৩৮ বলে ৫০ রান করেন জিশান আলম।

জিসান উইকেটের এক প্রান্ত আগলে রাখলেও অন্য প্রান্তের ব্যাটসম্যানরা ছিলেন আসা-যাওয়ার মিছিলে। আফিফ হোসেন ২৩ বলে ৪৯ রান করেছেন অপরাজিত থাকেন। ইয়াসিরে আলী ১৫ বলে করেন অপরাজিত ২৫ রান। ১৭ বলে ১৫ রান করেন ওপেনার মোহাম্মদ নাঈম।

টার্গেট তাড়া করতে নেমে ১৮.১ ওভারে ৩ উইকেট হারিয়ে জয়ের বন্দরে পৌঁছে যায় অ্যাডিলেড। দলের জয়ে দুর্দান্ত ব্যাটিং করেছেন অ্যাডিলেডের ওপেনার ম্যাককেঞ্জি হার্ভি। তিনি ৫৩ বলে অপরাজিত ১০২ রান করেছেন।

আরেক ওপেনার জ্যাক উইন্টার ৩৫ বলে ৩৫ রান। এছাড়া ১৪ বলে অপরাজিত ২৫ রান করেছেন হ্যারি মেন্নাতি। বাংলাদেশের হয়ে ২৮ রানে ২ উইকেট পেয়েছেন সাইফ হাসান।

সূত্র: যুগান্তর ।

পাকিস্তানের ব্যর্থতায় বিশ্বকাপ নিয়ে দুশ্চিন্তায় বাংলাদেশ

গত মে মাসে শ্রীলংকার বিপক্ষে তিন ম্যাচের ওয়ানডে সিরিজে এক জয়ে আইসিসির ওয়ানডে র্যাংকিংয়ে নবম স্থানে উঠেছিল বাংলাদেশ ক্রিকেট দল।

কিন্তু গতকাল ১২ আগস্ট ওয়েস্ট ইন্ডিজের কাছে পাকিস্তানের সিরিজ হারে বিপদে পড়েছে টাইগাররা। গতকাল পাকিস্তানকে ৯২ রানে গুঁড়িয়ে দিয়ে ২০২ রানের জয়ে ২-১ ব্যবধানে সিরিজ জিতে নেয় উইন্ডিজ।

পাকিস্তানের বিপক্ষে ৩৪ বছর পর সিরিজ জয়ে ক্যারিবীয়দের র্যাংকিংয়ে ব্যাপক উন্নতি হয়েছে। ১০ নম্বরে নেমে গেছে বাংলাদেশ। যে কারণে ২০২৭ সালে সরাসরি বিশ্বকাপ খেলা নিয়ে দুশ্চিন্তায় পড়েছে টাইগাররা।

২০২৭ সালের বিশ্বকাপে ১৪টি দল অংশ নেবে। র্যাংকিংয়ে শীর্ষ ৮ দল এবং আয়োজক দক্ষিণ আফ্রিকা ও জিম্বাবুয়ে স্বাগতিক কোটায় সরাসরি সুযোগ পাবে। বর্তমানে প্রোটিয়ারা র্যাংকিংয়ে ছয়ে থাকায় বাংলাদেশ ৯ নম্বরে থাকলেও সরাসরি বিশ্বকাপে খেলতে পারত। কিন্তু এখন ১০ নম্বরে নেমে যাওয়ায় সেই সুযোগ হারিয়েছে।

সরাসরি বিশ্বকাপে জায়গা পাওয়ার জন্য ২০২৭ সালের ৩১ মার্চ র্যাংকিং বিবেচনা করা হবে। র্যাংকিংয়ে উন্নতি করতে বাংলাদেশ পাচ্ছে ২৬টি ওয়ানডে ম্যাচ। এর মধ্যে ১১টি এমন দলের বিপক্ষে, যারা র্যাংকিংয়ে বাংলাদেশের চেয়ে পিছিয়ে। এসব ম্যাচে জিতলে র্যাংকিং উন্নতি হবে সামান্য, কিন্তু হারলে ক্ষতি হবে অনেক।

গত কয়েক বছরে ওয়ানডেতে বাংলাদেশের পারফরম্যান্স ধারাবাহিক নয়। তামিম ইকবালের অধীনে দুই বছর আগে ৩৫ ম্যাচে ২১ জয় পাওয়া দলটি শেষ দুই বছরে ৩৪ ম্যাচে জিতেছে মাত্র ৯টি।

নতুন ওয়ানডে অধিনায়ক মেহেদি হাসান মিরাজের জন্য কঠিন চ্যালেঞ্জ; দলকে আবার প্রতিযোগিতামূলক জায়গায় ফিরিয়ে আনতে না পারলে বিশ্বকাপে বাছাইপর্বে খেলতে হবে বাংলাদেশকে।

□□□□□: □□□□□□□□□ □